

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পাঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

সিটি কর্পোরেশন-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৪ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ২৯১-আইন/২০১৭—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২০, ষষ্ঠ তফসিল এর ক্রমিক নং (১) এর স�িত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতবলে সরকার সিটি কর্পোরেশন (কাউন্সিল) ও সংরক্ষিত আসনের কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুযোগ-সুবিধা) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল,  
যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

- (ক) বিধি ৫ এর উপ-বিধি (১) এর দফা (ক) তে উল্লিখিত “১৭,৫০০/- (সতের  
হাজার পাঁচশত)” সংখ্যা, কমা, চিহ্নসমূহ, শব্দসমূহ এবং বন্ধনীর পরিবর্তে  
“৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার)” সংখ্যা, কমা, চিহ্নসমূহ, শব্দসমূহ এবং বন্ধনী  
প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ৬ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৬ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৬। কাউন্সিলরগণের প্রাপ্য আর্থিক সুবিধাদির ব্যয় নির্বাহ।—বিধি ৫ এ  
কাউন্সিলরগণের জন্য নির্ধারিত বিভিন্ন আর্থিক সুবিধাদি, যথাক্রমে-

( ১০৫৪১ )

মূল্য : টাকা ৮.০০

সম্মানী ভাতা, ভ্রমণ ভাতা ও দায়িত্বভার ভাতা, ইত্যাদি কর্পোরেশনের নিজস্ব তহবিল হইতে নির্বাহ করা হইবে:

তবে শর্ত থাকে যে, কর্পোরেশনের রাজস্ব আয় দ্বারা উহার নির্ধারিত কর্মসম্পাদন ও দায়িত্ব পরিশোধের পর রাজস্ব খাতে জমাকৃত অবশিষ্ট অর্থ হইতে মাসিক সম্মানী ভাতা নির্বাহ করা হইবে।”

২। ইহা ১ জুলাই, ২০১৬ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আব্দুল মালেক  
সচিব।

---

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)